

পেঁচকুর

খন্দকার জাহিদ হাসান



প্যাঁচকালো চেহারাটা নাম তার 'পেঁচকুর'  
বাবা তার পেঁচা আর হাঁড়িমুখো মা কুকুর।  
পেঁচকুর উড়ে উড়ে পোকা ধরে খেয়ে নেয়  
রোজ রাতে খরগোশ মেরে এনে মাকে দেয়।  
সারাদিন ঝোপেঝাড়ে বসে ডাকে 'ঘেউ ঘেউ'  
বিস্মিত পথচারী খুঁজে ফেরে কেউ কেউ।

কোথা গেছে বাবা তার জানে না তা পেঁচকুর  
হেথা হোথা খোঁজে তাঁকে সদা করে ঘুরঘুর।  
হাঁড়িমুখী মা ডাকেন, "বাছা, তুই চলে আয়-  
যে গেছে সে ফিরবে না- বুঝিস্ না কেন হয়!"  
অবশেষে মা'র কোলে ফিরে আসে পেঁচকুর  
স্নেহের পরশে সব অবসাদ হয় দূর।